

## বর্ডার গার্ড বাংলাদেশ

### প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা: ২৬ ফেব্রুয়ারি ২০১৯

#### পিলখানা হত্যাকাণ্ডে শহীদ ব্যক্তিবর্গের স্মরণে পিলখানায় দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত

গত ২৫-২৬ ফেব্রুয়ারি ২০০৯ তারিখে তৎকালীন বিডিআর (বর্তমানে বিজিবি) সদর দপ্তর, পিলখানায় সংঘটিত বর্বরোচিত হত্যাকাণ্ডে শহীদ ব্যক্তিবর্গের আত্মার মাগফিরাতের উদ্দেশ্যে আজ ২৬ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ বাদ আসর পিলখানাস্থ কেন্দ্রীয় মসজিদে বিশেষ দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়। উক্ত দোয়া ও মিলাদ মাহফিলে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের সচিব মোস্তাফা কামাল উদ্দিন, বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মো: সাফিনুল ইসলাম, এনডিসি, পিএসসি, শহীদ ব্যক্তিবর্গের নিকটাস্থীয়গণ, পিলখানায় কর্মরত সকল অফিসার, জুনিয়র কর্মকর্তা, অন্যান্য পদবীর সৈনিক এবং বেসামরিক কর্মচারীগণ অংশগ্রহণ করেন।

প্ৰেস ৰিলিজ প্ৰেৰণ কৰা হয়েছে আগামীকাল পত্ৰিকায় প্ৰকাশ কৰুন